

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৫.২০১৭-৩২৫

তারিখঃ ১৬/০৭/২০১৮ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ মোহাম্মদ মমিনুল ইসলাম ফকির (১০০৯৮৬৮), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকার বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধিত) এর ৯ (১)/৩০ এ ২৮/১০/২০১৬ তারিখে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল, টাঙ্গাইলে ফৌজদারী মামলা নং-৭১/২০১৭ দায়ের করা হয়;

যেহেতু, অভিযুক্তকে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধিত-২০০৩ এর ৯ (১)/৩০) মোতাবেক ৩০.০৩.২০১৭ তারিখে শুনানীর পর বিজ্ঞ ভারপ্রাপ্ত বিচারক (সিনিয়র জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল, টাঙ্গাইল ডাঃ মোহাম্মদ মমিনুল ইসলাম ফকির এর জামিন না মঞ্জুর করে তাকে জেলহাজতে প্রেরণের নির্দেশ প্রদান করেন;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী প্রেফতার হওয়ার তারিখ/জেলহাজতে প্রেরণের তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু, ডাঃ মোহাম্মদ মমিনুল ইসলাম ফকির (১০০৯৮৬৮), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকাকে বি.এস.আর.পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ৩০.০৩.২০১৭ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল;

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।


(ডাঃ শিরাজুল হক খান)
সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৫.২০১৭-৩২৫/০(৭)

তারিখঃ ১৬/০৭/২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃংখলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল।
- ৫। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিসটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ এবং আলোচ্য কর্মকর্তার পিডিএস-এ উল্লিখিত ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
- ৭। ডাঃ মোহাম্মদ মমিনুল ইসলাম ফকির (১০০৯৮৬৮), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।


(শার্মিলা নাসরিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮